বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

**৪৫তম বি.সি.এস. এর লিখিত পরীক্ষা**
**[আবশ্যিক ও পদ-সংশ্লিষ্ট বিষয়]**

নম্বর : ৮০.০০.০০০০.২০০.৭৩.০৪৬.২৩-৩৫০

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩০ / ২৩ নভেম্বর ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয় : ৪৫তম বি.সি.এস. পরীক্ষা-২০২২ এর লিখিত পরীক্ষার [আবশ্যিক ও পদ-সংশ্লিষ্ট বিষয়] সময়সূচি**

**কেন্দ্র : ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ**

**পরীক্ষার সময়সূচি**

| তারিখ ও দিন | সময় | বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|---|
| ২৭.১১.২০২৩<br>সোমবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ১.০০ মিনিট<br>(৩ ঘণ্টা; ১০০ নম্বর) | বাংলা (০০১)<br>(শুধু কারিগরি/পেশাগত এবং সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ২৮.১১.২০২৩<br>মঙ্গলবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ২.০০ মিনিট<br>(৪ ঘণ্টা; ২০০ নম্বর) | বাংলা (০০২)<br>(শুধু সাধারণ এবং সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ২৯.১১.২০২৩<br>বুধবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ২.০০ মিনিট<br>(৪ ঘণ্টা; ২০০ নম্বর) | ইংরেজি (০০৩)<br>(সকল প্রার্থীর জন্য) |
| ৩০.১১.২০২৩<br>বৃহস্পতিবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ২.০০ মিনিট<br>(৪ ঘণ্টা; ২০০ নম্বর) | বাংলাদেশ বিষয়াবলি (০০৫)<br>(সকল প্রার্থীর জন্য) |
| ০৩.১২.২০২৩<br>রবিবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ১.০০ মিনিট<br>(৩ ঘণ্টা; ১০০ নম্বর) | আন্তর্জাতিক বিষয়াবলি (০০৭)<br>(সকল প্রার্থীর জন্য) |
| ০৪.১২.২০২৩<br>সোমবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ১২.০০ মিনিট<br>(২ ঘণ্টা; ৫০ নম্বর) | গাণিতিক যুক্তি (০০৮)<br>(সকল প্রার্থীর জন্য) |
| | সকাল ১২.৩০ মিনিট থেকে দুপুর ১.৩০ মিনিট<br>(১ ঘণ্টা; ৫০ নম্বর) | মানসিক দক্ষতা (০০৯)<br>(সকল প্রার্থীর জন্য) |
| ০৫.১২.২০২৩<br>মঙ্গলবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ১.০০ মিনিট<br>(৩ ঘণ্টা; ১০০ নম্বর) | সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি (০১০)<br>(শুধু সাধারণ এবং সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের জন্য) |
| ০৬.১২.২০২৩<br>বুধবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ২.০০ মিনিট<br>(৪ ঘণ্টা; ২০০ নম্বর) | পদ-সংশ্লিষ্ট বিষয়<br>(শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য) |
| ০৭.১২.২০২৩<br>বৃহস্পতিবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ২.০০ মিনিট<br>(৪ ঘণ্টা; ২০০ নম্বর) | পদ-সংশ্লিষ্ট বিষয়<br>(শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য) |
| ১০.১২.২০২৩<br>রবিবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ২.০০ মিনিট<br>(৪ ঘণ্টা; ২০০ নম্বর) | পদ-সংশ্লিষ্ট বিষয়<br>(শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য) |
| ১১.১২.২০২৩<br>সোমবার | সকাল ১০.০০ মিনিট থেকে দুপুর ২.০০ মিনিট<br>(৪ ঘণ্টা; ২০০ নম্বর) | পদ-সংশ্লিষ্ট বিষয়<br>(শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের জন্য) |

# হলের নাম ও আসনব্যবস্থা

**ঢাকা কেন্দ্র:**

| ক্রমিক নম্বর | পরীক্ষা হলের নাম | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ১. | সরকারি রূপনগর মডেল স্কুল এন্ড কলেজ, রোড নং-১৬, রূপনগর আ/এ, মিরপুর, ঢাকা | ১১০০০০৬৯ - ১১০২৮৫৫২ | ১৩০০ |
| ২. | সরকারি বিজ্ঞান কলেজ, তেজগাঁও, ঢাকা | ১১০২৮৬১১ - ১১০৪৯১৯৮ | ১০০০ |
| ৩. | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা | ১১০৪৯২৫১ - ১১০৭৫৭২৩ | ১২০০ |
| ৪. | মোহাম্মদপুর কমার্শিয়াল ইনস্টিটিউট সরকারি মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা | ১১০৭৫৭৩৩ - ১১১০২৬৫১ | ১১৬৬ |
| ৫. | তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা | ১১১০২৬৭৮ - ১১১২৯৪৮৩ | ১৩০০ |
| ৬. | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা | ১১১২৯৫০২ - ১১১৫৮২৮৮ | ১৩০০ |
| ৭. | গবর্নমেন্ট সায়েন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা | ১১১৫৮৩২২ - ১১৮০০৪৮৭ | ৮০০ |

**রাজশাহী কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ৮. | শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইনস্ স্কুল অ্যান্ড কলেজ, রাজশাহী | ১২০০০০১৮ - ১২০৩৩৭৫১ | ৭৫৬ |

**চট্টগ্রাম কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ৯. | ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম | ১৩০০০০১৩ - ১৩০২৯১৩৯ | ৭৬৫ |

**খুলনা কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১০. | খুলনা পাবলিক কলেজ, বয়রা, খুলনা | ১৪০০০০০১ - ১৪০২৬৫৬৩ | ৫৪২ |

**বরিশাল কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১১. | বরিশাল জিলা স্কুল, বরিশাল | ১৫০০০০৩৫ - ১৫০১২৭৪৯ | ২৮২ |

**সিলেট কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১২. | মুরারিচাঁদ (এম.সি.) কলেজ, সিলেট | ১৬০০০০১৪ - ১৬০০৯৬৮২ | ২৯৭ |

**রংপুর কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১৩. | রংপুর সরকারি কলেজ, রংপুর | ১৭০০০০০১ - ১৭০৩১৯০২ | ৬৮৬ |

**ময়মনসিংহ কেন্দ্র:**

| | | | |
|---|---|---|---|
| ১৪. | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | ১৮০০০০৫০ - ১৮০২৬৭৫২ | ১৩৯৫ |

## [খ] পদ-সংশ্লিষ্ট বিষয় :

| তারিখ ও দিন | কেন্দ্র | পরীক্ষা হলের নাম | সময়: সকাল ১০.০০ মিনিট-দুপুর ২.০০ মিনিট |
|---|---|---|---|
| | | | বিষয়ের নাম ও বিষয় কোড |
| ৬ ডিসেম্বর ২০২৩ বুধবার | ঢাকা | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | বাংলা (১১১), ইংরেজি (১২১), মনোবিজ্ঞান (১৭১), ইতিহাস (১৮১), দর্শন (২১১) ও ইলেকট্রনিক্স (২৭১) |
| | | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৮১), ভূগোল (৩১১), অর্থনীতি (৩৩১), রাষ্ট্রবিজ্ঞান (৩৪১) ও ফলিত গণিত (৫৬১) |
| | রাজশাহী | শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইনস্ স্কুল অ্যান্ড কলেজ, রাজশাহী | বাংলা (১১১), ইংরেজি (১২১), মনোবিজ্ঞান (১৭১), ইতিহাস (১৮১), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১), দর্শন (২১১), ইলেকট্রনিক্স (২৭১), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৮১), ভূগোল (৩১১), অর্থনীতি (৩৩১), রাষ্ট্রবিজ্ঞান (৩৪১) ও ফলিত গণিত (৫৬১) |

| তারিখ ও দিন | কেন্দ্র | পরীক্ষা হলের নাম | সময়: সকাল ১০.০০ মিনিট-দুপুর ২.০০ মিনিট |
|---|---|---|---|
| | | | বিষয়ের নাম ও বিষয় কোড |
| ৬ ডিসেম্বর ২০২৩ বুধবার | চট্টগ্রাম | ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম | বাংলা (১১১), ইংরেজি (১২১), মনোবিজ্ঞান (১৭১), ইতিহাস (১৮১), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১), দর্শন (২১১), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৮১), ভূগোল (৩১১), অর্থনীতি (৩৩১), রাষ্ট্রবিজ্ঞান (৩৪১) ও ফলিত গণিত (৫৬১) |
| | রংপুর | রংপুর সরকারি কলেজ, রংপুর | |
| | খুলনা | খুলনা পাবলিক কলেজ, বয়রা, খুলনা | বাংলা (১১১), ইংরেজি (১২১), ইতিহাস (১৮১), ইলেকট্রনিক্স (২৭১), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৮১), অর্থনীতি (৩৩১) ও রাষ্ট্রবিজ্ঞান (৩৪১) |
| | বরিশাল | বরিশাল জিলা স্কুল, বরিশাল | বাংলা (১১১), ইংরেজি (১২১), ইতিহাস (১৮১), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১), দর্শন (২১১), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৮১), ভূগোল (৩১১), অর্থনীতি (৩৩১) ও রাষ্ট্রবিজ্ঞান (৩৪১) |
| | সিলেট | মুরারিচাঁদ (এম.সি.) কলেজ, সিলেট | বাংলা (১১১), ইংরেজি (১২১), মনোবিজ্ঞান (১৭১), ভূগোল (৩১১), অর্থনীতি (৩৩১) ও রাষ্ট্রবিজ্ঞান (৩৪১) |
| | ময়মনসিংহ | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | বাংলা (১১১), ইংরেজি (১২১), ইতিহাস (১৮১), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (১৯১), দর্শন (২১১), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৮১), ভূগোল (৩১১), অর্থনীতি (৩৩১), রাষ্ট্রবিজ্ঞান (৩৪১) ও ফলিত গণিত (৫৬১) |
| ৭ ডিসেম্বর ২০২৩ বৃহস্পতিবার | ঢাকা | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | সমাজবিজ্ঞান (৩৫১), সমাজকল্যাণ (৩৬১), খাদ্য প্রকৌশল (৪৭৮), সিরামিক ইঞ্জিনিয়ারিং (৪৯১), পদার্থবিদ্যা (৫১১) ও কম্পিউটার সায়েন্স (৯৭১) |
| | | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | ফলিত পদার্থ (৫২১), রসায়ন (৫৩১), ফলিত রসায়ন (৫৪১), গণিত (৫৫১), উদ্ভিদবিদ্যা (৫৮১) ও বনবিদ্যা (৮৭১) |
| | রাজশাহী | শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইনস্ স্কুল অ্যান্ড কলেজ, রাজশাহী | সমাজবিজ্ঞান (৩৫১), সমাজকল্যাণ (৩৬১), খাদ্য প্রকৌশল (৪৭৮), পদার্থবিদ্যা (৫১১), ফলিত পদার্থ (৫২১), রসায়ন (৫৩১), ফলিত রসায়ন (৫৪১), গণিত (৫৫১), উদ্ভিদবিদ্যা (৫৮১) ও কম্পিউটার সায়েন্স (৯৭১) |
| | রংপুর | রংপুর সরকারি কলেজ, রংপুর | |
| | চট্টগ্রাম | ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম | সমাজবিজ্ঞান (৩৫১), সিরামিক ইঞ্জিনিয়ারিং (৪৯১), পদার্থবিদ্যা (৫১১), রসায়ন (৫৩১), ফলিত রসায়ন (৫৪১), গণিত (৫৫১), উদ্ভিদবিদ্যা (৫৮১), বনবিদ্যা (৮৭১) ও কম্পিউটার সায়েন্স (৯৭১), |
| | খুলনা | খুলনা পাবলিক কলেজ, বয়রা, খুলনা | সমাজবিজ্ঞান (৩৫১), সমাজকল্যাণ (৩৬১), পদার্থবিদ্যা (৫১১), ফলিত পদার্থ (৫২১), রসায়ন (৫৩১), ফলিত রসায়ন (৫৪১), গণিত (৫৫১) বনবিদ্যা (৮৭১) ও কম্পিউটার সায়েন্স (৯৭১) |
| | বরিশাল | বরিশাল জিলা স্কুল, বরিশাল | সমাজবিজ্ঞান (৩৫১), পদার্থবিদ্যা (৫১১), রসায়ন (৫৩১), গণিত (৫৫১) উদ্ভিদবিদ্যা (৫৮১) ও কম্পিউটার সায়েন্স (৯৭১) |
| | সিলেট | মুরারিচাঁদ (এম.সি) কলেজ, সিলেট | সমাজবিজ্ঞান (৩৫১), সমাজকল্যাণ (৩৬১), পদার্থবিদ্যা (৫১১), রসায়ন (৫৩১), গণিত (৫৫১), উদ্ভিদবিদ্যা (৫৮১), বনবিদ্যা (৮৭১) ও কম্পিউটার সায়েন্স (৯৭১) |
| | ময়মনসিংহ | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | সমাজবিজ্ঞান (৩৫১), সমাজকল্যাণ (৩৬১), খাদ্য প্রকৌশল (৪৭৮) পদার্থবিদ্যা (৫১১), রসায়ন (৫৩১), গণিত (৫৫১), উদ্ভিদবিদ্যা (৫৮১), বনবিদ্যা (৮৭১) ও কম্পিউটার সায়েন্স (৯৭১) |
| ১০ ডিসেম্বর ২০২৩ রবিবার | ঢাকা | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | প্রাণিবিদ্যা (৫৯১), প্রাণ রসায়ন (৬০১), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১), সম্পদ ব্যবস্থাপনা ও এন্টিপ্রনারশীপ (৬২২), হিসাববিজ্ঞান (৭০১) ও ফিন্যান্স (৭১১) |
| | | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | শিশু বিকাশ ও সামাজিক সম্পর্ক (৬৪১), ব্যবহারিক শিল্পকলা (৬৭১), প্রাতিষ্ঠানিক খাদ্য ব্যবস্থাপনা (৬৯১), মার্কেটিং (৭২১), ব্যবস্থাপনা (৭৩১) ও তড়িৎকৌশল (৮৯১) |

| তারিখ ও দিন | কেন্দ্র | পরীক্ষা হলের নাম | সময়: সকাল ১০.০০ মিনিট-দুপুর ২.০০ মিনিট<br>বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|---|---|
| ১০ ডিসেম্বর ২০২৩ রবিবার | রাজশাহী | শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইনস্ স্কুল অ্যান্ড কলেজ, রাজশাহী | প্রাণিবিদ্যা (৫৯১), প্রাণ রসায়ন (৬০১), মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১), হিসাববিজ্ঞান (৭০১), ফিন্যান্স (৭১১), মার্কেটিং (৭২১), ব্যবস্থাপনা (৭৩১) ও তড়িৎকৌশল (৮৯১) |
| | চট্টগ্রাম | ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম | |
| | খুলনা | খুলনা পাবলিক কলেজ, বয়রা, খুলনা | |
| | বরিশাল | বরিশাল জিলা স্কুল, বরিশাল | |
| | সিলেট | মুরারিচাঁদ (এম.সি) কলেজ, সিলেট | |
| | রংপুর | রংপুর সরকারি কলেজ, রংপুর | |
| | ময়মনসিংহ | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | |
| ১১ ডিসেম্বর ২০২৩ সোমবার | ঢাকা | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ | ব্যবসায় প্রশাসন (৭৪১), মেডিকেল সায়েন্স (৭৭১), ডেন্টাল সায়েন্স (৭৯১), কৃষি (৮০১), পশুপালন (৮৩১) ও স্থাপত্য কৌশল (৯৩১) |
| | | মোহাম্মদপুর সরকারি কলেজ, সাতমসজিদ রোড মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ | পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১), যন্ত্রকৌশল (৯০১), রসায়ন প্রকৌশল (৯১১) ও পরিসংখ্যান (৯৮১) |
| | রাজশাহী | শহীদ মামুন মাহমুদ পুলিশ লাইনস্ স্কুল অ্যান্ড কলেজ, রাজশাহী | মেডিকেল সায়েন্স (৭৭১), ডেন্টাল সায়েন্স (৭৯১), কৃষি (৮০১), পশুপালন (৮৩১), পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১), যন্ত্রকৌশল (৯০১), রসায়ন প্রকৌশল (৯১১), স্থাপত্য কৌশল (৯৩১) ও পরিসংখ্যান (৯৮১) |
| | চট্টগ্রাম | ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, চট্টগ্রাম | মেডিকেল সায়েন্স (৭৭১), ডেন্টাল সায়েন্স (৭৯১), পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১), যন্ত্রকৌশল (৯০১), স্থাপত্য কৌশল (৯৩১) ও পরিসংখ্যান (৯৮১) |
| | খুলনা | খুলনা পাবলিক কলেজ, বয়রা, খুলনা | মেডিকেল সায়েন্স (৭৭১), ডেন্টাল সায়েন্স (৭৯১), কৃষি (৮০১), পশুপালন (৮৩১), পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১), যন্ত্রকৌশল (৯০১) ও পরিসংখ্যান (৯৮১) |
| | রংপুর | রংপুর সরকারি কলেজ, রংপুর | |
| | ময়মনসিংহ | মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ | |
| | বরিশাল | বরিশাল জিলা স্কুল, বরিশাল | মেডিকেল সায়েন্স (৭৭১), ডেন্টাল সায়েন্স (৭৯১), কৃষি (৮০১), পশুপালন (৮৩১), পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১) ও যন্ত্রকৌশল (৯০১) |
| | সিলেট | মুরারিচাঁদ (এম.সি) কলেজ, সিলেট | মেডিকেল সায়েন্স (৭৭১), ডেন্টাল সায়েন্স (৭৯১), কৃষি (৮০১), পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১), মৎস্য বিজ্ঞান (৮৫১), পুরকৌশল (৮৮১) ও পরিসংখ্যান (৯৮১) |

**[গ] পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা**

১.০ পরীক্ষা ও নম্বর সম্পর্কিত :

১.১ প্রার্থীর জন্য প্রযোজ্য [সাধারণ ও কারিগরি/পেশাগত ক্যাডার] বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা আবশ্যক;

১.২ লিখিত পরীক্ষায় গড় ন্যূনতম পাস নম্বর হবে ৫০%। লিখিত পরীক্ষায় কোন বিষয়ে ৩০% নম্বরের কম পেলে সে নম্বর মোট নম্বরের সাথে যোগ হবে না;

১.৩ সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের প্রার্থী কিংবা শুধু কারিগরি/পেশাগত ক্যাডারের প্রার্থীদের কারিগরি/পেশাগত ক্যাডার সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক বিষয়ে (Job related) ২০০ নম্বরের ৪ (চার) ঘণ্টা সময়ের একটি বিষয়ের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক।

২.০ উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, অথবা কোনরূপ কাটাকাটি করলে বা ফ্লুইড লাগালে ৪৫তম বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞাপনের ৩৩.২ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থিতা বাতিল হবে।

৩.০ প্রার্থীর নামে নতুন করে কোন প্রবেশপত্র জারি করা হবে না। প্রিলিমিনারি (MCQ) টেস্টের জন্য প্রাপ্ত প্রবেশপত্র লিখিত এবং মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। প্রবেশপত্রে মুদ্রিত নির্দেশনা পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে।

৪.০ পরীক্ষার হলে নিষিদ্ধ সামগ্রীসহ প্রবেশরোধ এবং অসদুপায় ও অসদাচরণ বন্ধে নিম্নোক্ত ক্ষেত্রে প্রার্থীদের অধিকতর সতর্কতা অবলম্বন করা আবশ্যক :

৪.১ মোবাইল ফোন, হাতঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, সকল ধরনের ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র, বই-পুস্তক, ব্যাগ, মানি ব্যাগ, ব্যাংক কার্ড, ক্রেডিট কার্ড, ক্যালকুলেটর [গাণিতিক যুক্তি (আবশ্যিক) বিষয়ের জন্য কেবল সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। পদ-সংশ্লিষ্ট বিষয়ের ক্ষেত্রে ৪.২ অনুচ্ছেদ অনুসারে ক্যালকুলেটর ব্যবহার করা যাবে] ব্যতীত পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। পরীক্ষার হলে প্রার্থীরা গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার এবং ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড বা এ ধরনের কোন কিছু বহন করতে পারবেন না। পরীক্ষা হলের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে কমিশন ঘোষিত নিষিদ্ধ সামগ্রীর প্রবেশ রোধে Metal Detector এর সাহায্যে তল্লাশি করা হবে এবং প্রবেশপত্র চেক করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। উল্লেখ্য, পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর নিকট বর্ণিত নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে বিজ্ঞাপনের শর্তানুযায়ী তা বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে হল থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

৪.২ কেবল গণিত, ফলিত গণিত, পদার্থবিদ্যা, ফলিত পদার্থ, ইলেকট্রনিক্স, হিসাব বিজ্ঞান, ফিন্যান্স, মার্কেটিং, কম্পিউটার সায়েন্স, পরিসংখ্যান ও ইঞ্জিনিয়ারিং বিষয়সমূহের ক্ষেত্রে non programmable সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে;

৪.৩ পরীক্ষার সময় প্রার্থীরা মুখ ও কানের ওপর মাস্ক ব্যতীত কোন আবরণ রাখবেন না;

৪.৪ পরীক্ষায় যে কোন অসদুপায় অবলম্বনের জন্য প্রার্থীকে হল হতে বহিষ্কার করা হবে। উল্লেখ্য, কোন প্রার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বিজ্ঞাপনের ৩১.১ ও ৩১.২ নম্বর অনুচ্ছেদের সিদ্ধান্ত এবং পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০০০ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া, তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না;

৪.৫ বি.সি.এস. পরীক্ষা বিধিমালা অনুযায়ী ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং সার্ভিসে নিয়োগের পর কোন প্রার্থীর ক্ষেত্রে এরূপ তথ্য প্রকাশ ও তা প্রমাণ হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.০ হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে প্রবেশপত্রের অনুরূপ ছবি এবং স্বাক্ষর মুদ্রিত থাকবে। পরীক্ষার শুরুতেই পরিদর্শকবৃন্দ প্রার্থীর প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখবেন; মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রবেশপত্রে উল্লেখিত রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর সাথে প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষরের মিল রয়েছে কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন ও হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন।

৬.০ সকাল ৯.৪৫ মিনিটের পর কোন প্রার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেওয়া হবে না।

৭.০ পরীক্ষার দিন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়ানোর জন্য যেসব প্রার্থীর জাতীয় পরিচয়পত্র রয়েছে তা তাদের সাথে রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

৮.০ অনলাইন রেজিস্ট্রেশনের সময় প্রার্থীর পূরণকৃত তথ্য এবং ৪৫তম বি.সি.এস. এর বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী ডিক্লারেশনের ঘোষণার ভিত্তিতে প্রার্থীকে অনলাইন প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদের শর্ত পূরণে ব্যর্থ হলে এবং বিজ্ঞাপনের ৩৩.০ নম্বর অনুচ্ছেদের ৩৩.১ থেকে ৩৩.৫ নম্বর শর্তানুযায়ী প্রার্থীর আবেদনপত্রে কোন গুরুতর [Substantive] ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

৯.০ **প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক প্রদান সংক্রান্ত :**

৯.১ প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাঁদের আবেদনের প্রেক্ষিতে কমিশন হতে নির্ধারিত যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত শ্রুতিলেখক প্রদান করা হবে। প্রতিবন্ধী প্রার্থীর আবেদন অনুযায়ী কেবল কমিশন কর্তৃক প্রদত্ত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতিপত্র প্রদান করা হবে। কমিশন কর্তৃক অনুমোদিত ও প্রদত্ত শ্রুতিলেখক ব্যতীত অন্য কোন ব্যক্তিকে শ্রুতিলেখক হিসেবে গ্রহণ করা হবে না;

৯.২ **শ্রুতিলেখকদের [শুধু দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য] প্রতি ঘণ্টার পরীক্ষার জন্য অতিরিক্ত ১০ মিনিট সময় বরাদ্দ করা হবে।** ৪৫তম বি.সি.এস.-এর লিখিত পরীক্ষার প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন, তাদের শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারি প্রত্যয়নপত্র ও আনুষঙ্গিক ডকুমেন্টসসহ পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার], বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-এর দফতরে নির্দিষ্ট তারিখের মধ্যে লিখিত আবেদন পৌঁছাতে হবে।

১০.০ **OMR পূরণ সংক্রান্ত নির্দেশনা:**

৪৫তম বি.সি.এস. এর লিখিত পরীক্ষা double lithocode এবং barcode সংবলিত উত্তরপত্রে গ্রহণ করা হবে বিধায় প্রচলিত উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় একটি লিথোকোডেড OMR ফরম সংযুক্ত থাকবে। উক্ত OMR ফরমের ওপরে প্রার্থী কর্তৃক পূরণীয় প্রথম অংশটি প্রার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করতে হবে:

১০.১ প্রতিটি বিষয়ের জন্য প্রার্থীদের একটি করে OMR ফরমযুক্ত মূল উত্তরপত্র দেয়া হবে। সংযুক্ত OMR ফরমে প্রার্থীর জন্য নির্ধারিত প্রথম অংশে প্রার্থী তার নাম লিখবেন, বিষয় কোডের ঘরে এ পরীক্ষা সূচির প্রথমাংশে আবশ্যিক/পদ-সংশ্লিষ্ট বিষয়ের পাশে বর্ণিত তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী OMR ফরমে 'বিষয় কোডের' ঘরের ওপরের ফাঁকা অংশে লিখে নিচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। যেমন: 'ইংরেজি (আবশ্যিক)' বিষয়ের কোড '০০৩'। সে ক্ষেত্রে বিষয় কোডের ঘরে '০০৩' লিখে নিচের কোডের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত পূরণ করতে হবে;

১০.২ প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৮ (আট) ডিজিট সংবলিত। রেজিস্ট্রেশন নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে মুদ্রিত রেজিস্ট্রেশন নম্বরটি ওপরের ঘরে সাবধানতার সাথে বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তসমূহ পূরণ করবেন;

১০.৩ নামের ঘরে প্রার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী প্রার্থী তার নাম লিখবেন ও স্বাক্ষরের ঘরে প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর করবেন এবং বিষয়ের ঘরে সংশ্লিষ্ট বিষয়ের নাম লিখবেন;

১০.৪ পরীক্ষা কেন্দ্রের ঘরে প্রার্থীর জন্য প্রযোজ্য বৃত্তটি তিনি বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন;

১০.৫ অতিরিক্ত উত্তরপত্রের ক্রমিক নম্বরের ঘরটি প্রযোজ্য সংখ্যা দিয়ে পূরণ করতে হবে। প্রতিটি অতিরিক্ত উত্তরপত্রের জন্য একটি করে বৃত্ত পূরণ করতে হবে;

১০.৬ বিশেষভাবে উল্লেখ্য, উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় সংযুক্ত OMR ফরমের প্রথম অংশে কেন্দ্র, বিষয় কোড, অতিরিক্ত উত্তরপত্র ও নম্বরের ঘরে কোনরূপ কাটাকাটি করলে এবং OMR অংশে কিছু লিখলে, কোনরূপ চিহ্ন বা দাগ দিলে কিংবা ফ্লুইড লাগালে উক্ত উত্তরপত্রটি বাতিল হবে;

১০.৭ মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিস্ট্রেশন নম্বর ইত্যাদি কোনভাবেই লিখবেন না। লিখলে বা কোনরূপ সাংকেতিক চিহ্ন দিলে উত্তরপত্রটি বাতিল হবে।

১১.০ **বাংলা বিষয়ক পরীক্ষা সংক্রান্ত :**

**১১.১ ০০১ ও ০০২ কোডের বাংলা পরীক্ষা ২ (দুই) দিনে অনুষ্ঠিত হবে;**

**১১.২ কারিগরি/পেশাগত ক্যাডারের প্রার্থীরা ১০০ নম্বরের ০০১ কোডের পরীক্ষায় অংশগ্রহণ করবেন;**

**১১.৩ সাধারণ ক্যাডারের প্রার্থীরা ২০০ নম্বরের ০০২ কোডের পরীক্ষায় অংশগ্রহণ করবেন;**

**১১.৪ কারিগরি/পেশাগত এবং সাধারণ উভয় ক্যাডারের প্রার্থীরা দু'দিনই অর্থাৎ ০০১ ও ০০২ কোডের (১০০+২০০) ৩০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করবেন।**

**১১.৫ ২৭.১১.২০২৩ তারিখে অনুষ্ঠেয় বাংলা ০০১ কোডের ৩ ঘন্টাব্যাপী পরীক্ষার জন্য একটি উত্তরপত্র এবং ২৮.১১.২০২৩ তারিখে অনুষ্ঠেয় বাংলা ০০২ কোডের ৪ ঘন্টাব্যাপী পরীক্ষার জন্য একটি উত্তরপত্র সরবরাহ করা হবে। কোন প্রার্থী ভুলভাবে বিষয় কোড পুরণ করলে উক্ত প্রার্থীর পরীক্ষা বাতিল হবে।**

১২.০ **মানসিক দক্ষতা বিষয়ক পরীক্ষা সংক্রান্ত :**

১২.১ ০৪.১২.২০২৩ তারিখে দুপুর ১২:৩০ মিনিট থেকে দুপুর ১:৩০ মিনিট পর্যন্ত অনুষ্ঠেয় MCQ type মানসিক দক্ষতা (বিষয় কোড-০০৯) বিষয়ের পরীক্ষার দিন দুপুর ১২:১৫ মিনিটে প্রত্যেক প্রার্থীকে দু'টি অংশে বিভক্ত OMR উত্তরপত্র দেয়া হবে। প্রার্থী উত্তরপত্রে তার কেন্দ্রের বৃত্ত পূরণ করবেন, রেজিস্ট্রেশন নম্বরের ঘরে রেজিস্ট্রেশন নম্বর এবং বিষয় কোডের ঘরে বিষয়কোড লিখে সংশ্লিষ্ট বৃত্তসমূহ পূরণ করবেন। পরীক্ষা শুরু হওয়ার পর প্রার্থী কর্তৃক পূরণীয় OMR ফরমের ১ম অংশ ছিঁড়ে পরিদর্শক আলাদা করবেন। ২য় অংশটি ৫০ (পঞ্চাশ) টি উত্তরের জন্য নির্ধারিত। কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে OMR উত্তরপত্রের বৃত্ত পূরণ করতে হবে। পেন্সিল দিয়ে বৃত্ত পূরণ করা যাবে না। উত্তরপত্রে কোনরূপ ফ্লুইড ব্যবহার করা যাবে না। ২য় অংশে কোনভাবেই প্রার্থী নাম, রেজিস্ট্রেশন নম্বর লিখবেন না বা কোনরূপ চিহ্ন/দাগ দিবেন না। বৃত্ত পূরণ করার ক্ষেত্রে পেন্সিল কিংবা ফ্লুইড ব্যবহার করলে সংশ্লিষ্ট উত্তরপত্র এবং প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে;

১২.২ অপরাহ্ন ১২:২৫ মিনিটে প্রার্থীদের মধ্যে প্রশ্নপত্র বিতরণ করা হবে। প্রশ্নপত্র পাওয়ার পর প্রার্থীরা তার প্রশ্নপত্রের সেট নম্বর উত্তরপত্রের নির্ধারিত স্থানে লিখবেন এবং এর নীচের সংশ্লিষ্ট বৃত্ত বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। অপরাহ্ন ১২:৩০ মিনিট থেকে উত্তর দান শুরু হবে, অপরাহ্ন ১:৩০ মিনিটে পরীক্ষা শেষ হবে। প্রার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকবৃন্দ উত্তরপত্র সংগ্রহ করার পর প্রার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন;

১২.৩ MCQ type মানসিক দক্ষতা বিষয়ের পরীক্ষায় মোট ৫০ (পঞ্চাশ) টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন, তবে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর হতে ০.৫ নম্বর করে কাটা যাবে।

১৩.০ প্রতিটি হলের প্রতিটি কক্ষে ক্লোজ সার্কিট ক্যামেরার আওতায় পরীক্ষা গ্রহণ করা হবে। যে কোন ধরনের অসদুপায় অবলম্বন/গ্রহণ থেকে প্রার্থীদেরকে বিরত থাকার জন্য পরামর্শ দেওয়া হলো।

২৩/১১/২৩

**আনন্দ কুমার বিশ্বাস**
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
[যুগ্মসচিব]

নথি নম্বর-৮০.০০.০০০০.২০০.৭৩.০৪৬.২৩-৩৫০

তারিখ ০৮ অগ্রহায়ণ ১৪৩০ / ২৩ নভেম্বর ২০২৩

**প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো**

(১) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর [পি.আই.ডি], ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[সকল দৈনিক সংবাদপত্রে জরুরিভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশনের সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(২) মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে এবং স্ক্রল নিউজ হিসেবে প্রচার করতে অনুরোধ করা হলো]

(৩) বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
[বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো]

(৪) বার্তা সম্পাদক, ......... ........ ........ ........ ........ ........ ........ ........ ........
[বিষয়টি আপনার চ্যানেলে স্ক্রল নিউজ হিসেবে প্রচার করতে অনুরোধ করা হলো]

(৫) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
[প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো]

(৬) জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
[প্রেস বিজ্ঞপ্তিটি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]